ঢা: বি:

দৈনিক বাংলা

তারিখ ... 02 OCT 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১

# স্বাধীনতার ২০ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় বর্ণাঢ্য অনুষ্ঠান

স্টাফ রিপোর্টার : বাংলাদেশের স্বাধীনতার কুড়ি বছরে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি বর্ণাঢ্য অনুষ্ঠানে দ্বিতীয়বারের মত একজন সরকার প্রধান হিসাবে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রধান অতিথির আসন অলংকৃত করেছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে সত্তরের দশকের শেষপাদে প্রথম গিয়েছিলেন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান। জিয়া ও বেগম জিয়া ছাড়া কোন সরকার প্রধান স্বাধীনতার দুই দশকের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন অনুষ্ঠানে প্রধান অতিথি হওয়ার সুযোগ পাননি। একজন সরকার প্রধান আমন্ত্রিত হয়েও বিশ্ববিদ্যালয়ে যাওয়ার সুযোগ থেকে চিরজনমের মত বঞ্চিত হয়েছিলেন।

গতকাল ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদক বিতরণ অনুষ্ঠান। সাধারণত সমাবর্তন অনুষ্ঠানেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদক বিতরণ করে থাকেন। যেহেতু দীর্ঘকাল যাবত ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন সমাবর্তন অনুষ্ঠান হয়নি। সেহেতু, বহুদিনের জমা পদক বিতরণের এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছিলেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল। এই অনু- ষ্ঠানেই প্রধান অতিথি হিসাবে যোগ দিয়েছিলেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।

উল্লেখ্য, ১৯৬৪ সালের পরে ১৯৭০ সালের মার্চে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বশেষ নিয়মিত সমাবর্তন অনুষ্ঠিত হয়েছিল। ১৯৭৪ সালের ৯ ডিসেম্বর কয়েকজন বরেণ্য ব্যক্তিকে সম্মানসূচক ডিগ্রী প্রদানের জন্য আয়োজন করা হয়েছিল বিশেষ সমাবর্তন অনুষ্ঠানের। এরপর আজ পর্যন্ত নিয়মিত কিংবা কোন বিশেষ সমাবর্তন অনুষ্ঠান আর হয়নি। এদিকে ১৯৮৬ সালে একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে পদক দেয়ার ব্যবস্থা করা হয়েছিল। তারপর পদক দেয়ার কোন অনুষ্ঠানও আর আয়োজন করা হয়নি। প্রতিকূল রাজনৈতিক ও বিশ্ববিদ্যালয় পরিস্থিতিই এর অন্যতম প্রধান কারণ।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নির্ধারিত সময় বেলা এগারটায় ভাবগম্ভীর আনুষ্ঠানিক শোভাযাত্রা সহকারে বিশ্ব-বিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে প্রবেশ করেন। শোভাযাত্রায় অংশ নেন প্রধানমন্ত্রীর সঙ্গে ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর, রেজিস্ট্রার ও বিভিন্ন অনুষদের ডীনগণ। প্রধানমন্ত্রী, ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রারের পরনে ছিল সোনালী জরির কারুকাজ করা কালো সিল্কের গাউন। এদের মধ্যে প্রধানমন্ত্রী ও ভাইস চ্যান্সেলরের মাথায় ছিল সম্মানসূচক হুড। ডীনগণ পরেছিলেন লাল সিল্কের গাউন। শোভাযাত্রা মিলনায়তনে প্রবেশের সঙ্গে সঙ্গে আমন্ত্রিত অতিথিরা দাঁড়িয়ে করতালি দিয়ে অভ্যর্থনা জানান।

দীর্ঘদিন পর আয়োজিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিতরণ করেন ৬৬টি পদক। গবেষণা ও পরীক্ষায় উচ্চমানের ফলের জন্য থেকে শুরু করে সাংস্কৃতিক ক্ষেত্রে অবদানের জন্যে এসব পদক দেয়া হয়। বিভিন্ন অনুষদের ডীনগণ পদকপ্রাপ্ত শিক্ষক-গবেষক ও শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর সামনে উপস্থাপিত করেন। গবেষণামূলক কাজের জন্য প্রধানমন্ত্রীর কাছ থেকে সর্বপ্রথম পদক গ্রহণ করেন ইংরেজী বিভাগের প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী। পদক প্রাপ্তদের পরনে ছিল সবুজ সিল্কের গাউন।

প্রায় দেড় ঘন্টা স্থায়ী অনুষ্ঠান চলার সময় ছাত্র-শিক্ষক মিলনায়তনে তিল ধারনের স্থান ছিল না। আমন্ত্রিত বিপুল-সংখ্যক অতিথি ও শিক্ষকদের জন্যে মিলনায়তনের সামনের সবুজ চত্বরে একটি বিকল্প প্যান্ডেল নির্মাণ করা হয়েছিল। এই প্যান্ডেলে সরাসরি টেলিভিশন সম্প্রচারের মাধ্যমে তারা পুরো অনুষ্ঠান প্রত্যক্ষ করেন।